

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)

বাংলাদেশ তামাক নিয়ন্ত্রণ ত্রৈমাসিক নিউজলেটার

প্রথম সংখ্যা, অক্টোবর-ডিসেম্বর ২০২৫

সম্পাদকের বাণী

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) দ্বিবার্ষিক যাবৎ স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সক্ষমতা উন্নয়ন এবং জনস্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এরই ধারাবাহিকতায় এ প্রতিষ্ঠানটি বিগত জানুয়ারি ২০২৩ সাল থেকে তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের সাথে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করে যাচ্ছে। গত ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখ স্থানীয় সরকার বিভাগ (এলজিডি) এবং জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (এনটিসিসি)-এর সঙ্গে এনআইএলজি-এর যৌথ সভায় তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের অগ্রগতি ও অভিজ্ঞতা বিনিময়ের জন্য একটি ত্রৈমাসিক নিউজলেটার প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে এনআইএলজি-এর ISITC-II প্রকল্পের উদ্যোগে অক্টোবর-ডিসেম্বর ২০২৫ মাসের জন্য নিউজলেটারের প্রথম সংখ্যা প্রকাশ করা হয়েছে। এ প্রকাশনার মাধ্যমে মাঠপর্যায়ের অভিজ্ঞতা ও তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের অগ্রগতি তুলে ধরা হয়েছে।



ভবিষ্যতে প্রকল্পভুক্ত এলাকার পৌরসভা, বেসরকারি উন্নয়ন সংস্থা ও অংশীজনদের নিকট থেকে তামাক নিয়ন্ত্রণ বিষয়ক লেখা প্রেরণ করা হলে তা প্রকাশনার জন্য বিবেচনা করা হবে।

মো: আব্দুল কাইয়ুম

মহাপরিচালক (গ্রেড-১) ও টিম লিডার, ISITC-II প্রকল্প

প্রধান কার্যক্রমসমূহ

তামাক নিয়ন্ত্রণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

ISITC-II প্রকল্পের উদ্যোগে গত নভেম্বর ২০২৫ এ এনআইএলজি-তে ২০টি পৌরসভাকে নিয়ে তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ এবং বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন বিষয়ক দক্ষতাবৃদ্ধিমূলক ৩টি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালাসমূহের মূল লক্ষ্য ছিল স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য জারীকৃত তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ নির্দেশিকা, ২০২১ কার্যকরভাবে বাস্তবায়নে পৌরসভার সক্ষমতা বৃদ্ধি এবং পৌরসভা ও স্থানীয় এনজিওসমূহের মধ্যে সমন্বিত উদ্যোগ জোরদার করা। এতে ২০টি পৌরসভার প্রশাসক, পৌর নির্বাহী অফিসারসহ পৌরসভার অন্যান্য কর্মকর্তাবৃন্দ, এনআইএলজি'র কর্মকর্তাবৃন্দ এবং এনজিও প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। কর্মশালার মাধ্যমে অংশগ্রহণকারীগণ নিজ নিজ পৌরসভার জন্য তামাক নিয়ন্ত্রণ সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে এবং পরবর্তীতে তা এনআইএলজি-তে দাখিল করে। কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার লক্ষ্যে গত ২১ ডিসেম্বর ২০২৫ তারিখে পৌরসভা ও বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর অংশগ্রহণে ভিন্ন একটি যৌথ পরামর্শমূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। তামাক নিয়ন্ত্রণে যৌথ কর্মসূচি বাস্তবায়ন কৌশল নির্ধারণ এবং সমন্বিত ভূমিকা জোরদারের বিষয়ে সকলে এ পরামর্শমূলক কর্মশালায় মতামত প্রদান করে।



ISITC-II প্রকল্পের অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত

গত ২১ অক্টোবর ২০২৫ তারিখে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-এর সভা কক্ষে ISITC-II প্রকল্পের অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মহাপরিচালক (গ্রেড-১) ও টিম লিডার, ISITC-II প্রকল্প, এনআইএলজি। সভায় ভাইটাল স্ট্রাটেজিস-এর কনসালট্যান্ট ও সিনিয়র কারিগরি পরামর্শকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



সভায় পৌরসভাভিত্তিক তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের সঙ্গে সামঞ্জস্য রেখে প্রকল্পের কর্মপরিকল্পনা, বেইজলাইন জরিপ প্রশ্নমালা চূড়ান্তকরণ ও অদ্যাবধি অগ্রগতি নিয়ে পর্যালোচনা করা হয়।

সচেতনতামূলক ক্যাম্পেইন-১

ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার নিয়ন্ত্রণে সিলেটের গোলাপগঞ্জ পৌরসভা কর্তৃক সচেতনতামূলক কার্যক্রম নিয়মিতভাবে পরিচালিত হচ্ছে। এ কার্যক্রমের অংশ হিসেবে পৌরবাসীর মাঝে সচেতনতামূলক লিফলেট ও স্টিকার বিতরণ করেন গোলাপগঞ্জ পৌরসভার প্রশাসক জনাব মোঃ রফিকুল ইসলাম। এ সময় পৌরবাসীকে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহারের কুফল এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন সম্পর্কে অবহিত করা হয়।




সচেতনতামূলক ক্যাম্পেইন-২

বগুড়া জেলার শেরপুর পৌরসভার প্রশাসক জনাব এম, আব্দুল্লাহ ইবনে মাসুদ আহমেদ তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়নে শেরপুর পৌরসভার বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তর এবং জনবহুল স্থানে জনসচেতনতার জন্য বিভিন্ন ধরনের স্টিকার, লিফলেট, পোস্টার প্রদর্শন করেন। এ সময় উপস্থিত ছিলেন শেরপুর উপজেলার উপজেলা সমাজসেবা অফিসার জনাব মোঃ নাইম হোসেন এবং মথুরা সমাজকল্যাণ পরিষদের নির্বাহী পরিচালক জনাব মোঃ জাহেদুর রহমান। প্রদর্শন শেষে শেরপুর পৌরসভার বিভিন্ন প্রতিষ্ঠান ও জনবহুল স্থানে উপকরণসমূহ লাগানো হয়।



ISITC-II কর্তৃক তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে প্রকাশনাসমূহ

- ১। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন অপারেশনাল গাইডলাইন, ২০২৪
- ২। প্রশিক্ষণ হ্যান্ডবুক : স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য জারীকৃত তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নির্দেশিকা বাস্তবায়ন।
- ৩। তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ সংক্রান্ত ৪৫০০০ IEC উপকরণ প্রকাশ ও ২০টি পৌরসভার মধ্যে বিতরণ।



তামাক নিয়ন্ত্রণ জোরদারকরণে এনআইএলজিতে ত্রিপর্যায়ী সমন্বয় সভা অনুষ্ঠিত


স্থানীয় সরকার বিভাগ (LGD) ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল (NTCC)-এর সাথে গত ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখ এনআইএলজি-এর একটি যৌথ সভা অনুষ্ঠিত হয়। সভার মূল উদ্দেশ্য ছিল—“তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমে সম্ভাব্য সহযোগিতার ক্ষেত্র চিহ্নিত করা”। স্থানীয় সরকার বিভাগ, জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, ভাইটাল স্ট্র্যাটেজিস এবং এনআইএলজি-এর প্রতিনিধিবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন ISITC-II প্রকল্পের টিম লিডার জনাব মোঃ আব্দুল কাইয়ুম, মহাপরিচালক (গ্রেড-১)।



সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ হলো—শিক্ষা মন্ত্রণালয়কে এ প্রকল্পের অন্যতম স্টেকহোল্ডার হিসেবে অন্তর্ভুক্ত করা, ওয়েবসাইটে ‘স্থানীয় সরকার প্রতিষ্ঠানের তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা, ২০২১’ আপলোড করা, প্রকল্পের আওতাধীন ২০টি পৌরসভায় কারিগরি ও সক্ষমতা বৃদ্ধিমূলক সহায়তা অব্যাহত রাখা, ISITC-II প্রকল্পের ত্রৈমাসিক নিউজলেটার মুদ্রণ এবং পাঁচটি পৌরসভায় পরিক্ষামূলক মনিটরিং ও মূল্যায়ন (M&E) ফ্রেমওয়ার্ক বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে (LGD) প্রতিবেদন দাখিল করা।

পৌরসভা এলাকায় কর্মরত সিএসও ও এনজিওদের সাথে পরামর্শমূলক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত

গত ৯ ডিসেম্বর ২০২৫, বিকেল ৩ ঘটিকায় প্রকল্পভূক্ত এলাকার সিভিল সোসাইটি অর্গানাইজেশন (CSOs) এবং বেসরকারি উন্নয়ন সংস্থাগুলোর (NGOs) সাথে একটি পরামর্শমূলক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হয়। সভার মূল উদ্দেশ্য ছিল পৌরসভার তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমকে শক্তিশালী করা এবং সমন্বিত কৌশল নিয়ে মতবিনিময় করা। সভায় তরুণ প্রজন্মকে লক্ষ্য করে সামাজিক যোগাযোগমাধ্যমে নিয়মিত তামাকবিরোধী কনটেন্ট প্রচারের উপর গুরুত্বারোপ করা হয়।



পাশাপাশি তামাক নিয়ন্ত্রণে সমন্বিত উদ্যোগ জোরদারের লক্ষ্যে এনআইএলজি কর্তৃক পৌরসভাসমূহের সাথে যৌথ সভা আয়োজনের প্রস্তাব গৃহীত হয়। সভায় পৌরসভার গুরুত্বপূর্ণ স্থানে বৃহৎ ডিজিটাল বিলবোর্ডের পরিবর্তে একাধিক ছোট বিলবোর্ড স্থাপনের সুপারিশ করা হয়। এছাড়া পৌরসভাসমূহ ও এনজিওদের মধ্যে পারস্পরিক সহযোগিতা আরও শক্তিশালী করতে এনআইএলজি-তে আগামী ১৭ ডিসেম্বর ২০২৫ তারিখে একটি ফলো-আপ সভা আয়োজন করা হয়।

সৈয়দপুর পৌরসভায় পরিবীক্ষণ সভা অনুষ্ঠিত

গত ১ জানুয়ারি ২০২৬ তারিখে সৈয়দপুর পৌরসভায় তামাক নিয়ন্ত্রণ বিষয়ক একটি পরিবীক্ষণ সভা অনুষ্ঠিত হয়। পৌরসভা ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা, বেসরকারি উন্নয়ন সংস্থার প্রতিনিধি এবং এনআইএলজি'র কর্মকর্তাগণ সভায় অংশগ্রহণ করেন। উক্ত সভায় পৌরসভার তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। পাশাপাশি পৌরসভার ফোকাল পারসন নিয়োগ, বাজেট বরাদ্দ, তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণে জনসচেতনতা বৃদ্ধির জন্য সহায়ক উপকরণ বিতরণ এবং নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা সংক্রান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্পের টিম লিডার তামাক নিয়ন্ত্রণে সমন্বিত অংশগ্রহণ, নিয়মিত টাস্কফোর্স সভা এবং বিদ্যমান আইন ও নির্দেশিকা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। সভা শেষে পৌর প্রশাসক শিক্ষা প্রতিষ্ঠান ও হাসপাতাল পরিবীক্ষণ, তামাক বিক্রয় নিয়ন্ত্রণ এবং গণসচেতনতা বৃদ্ধিতে বিভিন্ন উদ্যোগ গ্রহণে অঙ্গীকার ব্যক্ত করেন।



ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার সংক্রান্ত নতুন অধ্যাদেশ

স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত 'ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫' জারি করা হয়েছে। এই অধ্যাদেশের লক্ষ্য হলো জনগণকে তামাক ও নিকোটিনজাত দ্রব্যের ক্ষতিকর প্রভাব থেকে সুরক্ষা প্রদান করা।

অধ্যাদেশের মূল সংযোজন ও পরিবর্তনসমূহ:

- সকল পাবলিক প্লেস ও পাবলিক পরিবহণে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে জরিমানা ৩০০ টাকার পরিবর্তে ২০০০ টাকা করা হয়েছে।
- বিজ্ঞাপন ও প্রচারণা সম্পূর্ণ নিষিদ্ধ:** প্রিন্ট, ইলেকট্রনিক, ইন্টারনেট, সোশ্যাল মিডিয়া, ওটিটি প্ল্যাটফর্মসহ সব মাধ্যমে তামাকের বিজ্ঞাপন, বিক্রয়স্থলে প্যাকেট প্রদর্শন, কর্পোরেট সোশ্যাল রেস্পন্সিবিলিটি (সিএসআর) কার্যক্রমে কোম্পানির লোগো ব্যবহার এবং কোনো অনুষ্ঠান/কর্মসূচির জন্য আর্থিক সহায়তা প্রদান নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে ৩ মাস বিনাশ্রম কারাদণ্ড এবং ১ লক্ষ টাকার পরিবর্তে ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।
- শিক্ষাপ্রতিষ্ঠান, হাসপাতাল, ক্লিনিক, খেলার মাঠ ও শিশুপার্কে ১০০ মিটার পরিসরে তামাক বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে প্রতিষ্ঠানের মালিক/কর্তৃপক্ষকে অনধিক ৫০০০ হাজার টাকা জরিমানার বিধান সংযুক্ত হয়েছে।
- ই-সিগারেট ও তামাকজাত দ্রব্য:** উৎপাদন, আমদানি, রপ্তানি, সংরক্ষণ এবং বিক্রয় দণ্ডনীয় অপরাধ। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৩ মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ২ লক্ষ টাকা জরিমানা এবং তামাক কোম্পানিকে সর্বোচ্চ ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড এবং অনধিক ৫ লাখ টাকা জরিমানা।
- ই-সিগারেট ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিষিদ্ধ:** কোনো ব্যক্তি ইলেকট্রনিক নিকোটিন ডেলিভারি সিস্টেম, তার যন্ত্রাংশ বা অংশ বিশেষ (ই-সিগারেট, ভ্যাপ, ভ্যাপিং, ভ্যাপার ইত্যাদি), হিটেড টোব্যাকো প্রডাক্টস যে নামেই অভিহিত হোক না কেন, ব্যবহার করতে পারবেন না। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৫০০০ টাকা জরিমানা।
- কুন্ডি পাতা ও টেন্ডু পাতার বিড়ির ব্যবহার নিষিদ্ধ:** কোনো ব্যক্তি কুন্ডি পাতা, টেন্ডু পাতা বা অন্য কোনো গাছের পাতা দ্বারা মোড়ানো বিড়ি ব্যবহার করবেন না। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৫০০০ টাকা জরিমানা।
- অটোমেটিক ভেডিং মেশিন স্থাপন নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে ৩ মাস বিনাশ্রম কারাদণ্ড এবং ৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে।

- কুন্ডি পাতা ও টেন্ডু পাতার বিড়ি:** উৎপাদন, আমদানি, মজুদ, বিপণন, বিতরণ, পরিবহণ, বাজারজাতকরণ ও ক্রয়-বিক্রয় সম্পূর্ণ নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৩ মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ২ লক্ষ টাকা জরিমানা এবং তামাক কোম্পানির লাইসেন্স বাতিল, আর্থিক লেনদেন স্থগিত বা জন্ডসহ আর্থিক জরিমানার বিধান সংযুক্ত হয়েছে।
- ‘তামাকজাত দ্রব্য’-এর সংজ্ঞা সম্প্রসারণ:** ই-সিগারেট, Electronic Nicotine Delivery System (ENDS), Heated Tobacco Products (HTP), নিকোটিন পাউচসহ সকল উদীয়মান পণ্যকে তামাকজাত দ্রব্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। সরকার গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে নতুন কোনো পণ্যও তামাকজাত দ্রব্য হিসেবে ঘোষণা করতে পারবে। এছাড়া ‘নিকোটিন’ ও ‘নিকোটিন দ্রব্য’-এর পৃথক সংজ্ঞা সংযোজন এবং ‘পাবলিক প্লেস’-এর সংজ্ঞা ব্যাপকভাবে সম্প্রসারিত হয়েছে।
- স্বাস্থ্য সতর্কবার্তা ও স্ট্যান্ডার্ড প্যাকেজিং:** প্যাকেটের শতকরা ৭৫ ভাগ জায়গাজুড়ে রঙিন ছবি ও সতর্কবাণী বাধ্যতামূলক; বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ২ লক্ষ টাকা জরিমানা এবং তামাক কোম্পানিকে মালামাল জন্ডসহ ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড বা ৫ লক্ষ টাকা জরিমানা এবং লাইসেন্স বাতিল করা হবে। এবং স্ট্যান্ডার্ড প্যাকেজিং ছাড়া বিক্রয় নিষিদ্ধ। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ১ মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ৫ হাজার টাকা জরিমানা এবং তামাক কোম্পানিকে মালামাল জন্ডসহ ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড বা ২ লক্ষ টাকা জরিমানা এবং লাইসেন্স বাতিল করা হবে।
- আসক্তিমূলক দ্রব্য মিশ্রণ নিষিদ্ধ:** তামাক বা তামাকজাত দ্রব্যের সঙ্গে কোনো ক্ষতিকর আসক্তিমূলক দ্রব্য মেশানো শাস্তিযোগ্য অপরাধ। বিধান লঙ্ঘনে ব্যক্তি ক্ষেত্রে ৬ মাস বিনাশ্রম কারাদণ্ড বা অনধিক ৫ লক্ষ টাকা জরিমানা।
- অপ্রাপ্ত বয়স্কদের কাছে/দ্বারা তামাকজাত দ্রব্য বিক্রয় নিষিদ্ধ:** কোন ব্যক্তি অনধিক আঠারো বছর বয়সের কোন ব্যক্তির নিকট তামাক বা তামাকজাত দ্রব্য বিক্রয়, অথবা উক্ত ব্যক্তিকে তামাক বা তামাকজাত দ্রব্য বিপণন বা বিতরণ কাজে নিয়োজিত করাবেন না। বিধান লঙ্ঘনে তামাক কোম্পানি/দোকানদার/ব্যবসায়ী-কে ৫০০০ হাজার টাকা জরিমানার বিধান সংযুক্ত হয়েছে।



তামাক ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ বিষয়ক প্রকাশিত নয় ধরনের IEC উপকরণ



আইএসআইটিসি-II প্রকল্পের উল্লেখযোগ্য কার্যক্রম (অক্টোবর-ডিসেম্বর ২০২৫)

- দুইটি অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত
- পৌরসভায় তামাক নিয়ন্ত্রণে দক্ষতা বৃদ্ধিমূলক তিনটি কর্মশালা অনুষ্ঠিত
- এনজিওসমূহের কার্যকর ভূমিকা জোরদারে সক্ষমতা উন্নয়ন কর্মশালা অনুষ্ঠিত
- পৌরসভা এলাকার সিএসও ও এনজিওসমূহের সাথে পরামর্শমূলক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত
- স্থানীয় সরকার বিভাগ ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল এর সাথে এনআইএলজি-এর ত্রিপক্ষীয় সমন্বয় সভা অনুষ্ঠিত
- পৌরসভা ও এনজিওসমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতা জোরদারকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত
- সৈয়দপুর পৌরসভায় পরিবীক্ষণ সভা অনুষ্ঠিত

ISITC-II প্রকল্পের আওতাধীন পৌরসভাসমূহ

জেলার নাম	পৌরসভার নাম	জেলার নাম	পৌরসভার নাম
সিলেট	গোলাপগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ
মৌলভীবাজার	কুলাউড়া	নওগাঁ	নওগাঁ
সুনামগঞ্জ	জগন্নাথপুর	নীলফামারি	সৈয়দপুর
মুন্সিগঞ্জ	মীরকাদিম	পঞ্চগড়	দেবিগঞ্জ
টাঙ্গাইল	মির্জাপুর	বগুড়া	বগুড়া
নারায়নগঞ্জ	সোনারগাঁও	বগুড়া	শেরপুর
ফরিদপুর	ভাঙ্গা	চট্টগ্রাম	সীতাকুন্ড
কিশোরগঞ্জ	ভৈরব	চট্টগ্রাম	পটিয়া
রাজশাহী	পুটিয়া	বান্দরবান	বান্দরবান
নাটোর	নাটোর	চাঁদপুর	চাঁদপুর

প্রেরকের ঠিকানা

মহাপরিচালক ও টিম লিডার, ISITC-II প্রকল্প
জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি)
২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর
ঢাকা-১২০৭।

প্রাপকের ঠিকানা

যোগাযোগের ঠিকানা: মহাপরিচালক ও টিম লিডার, ISITC-II প্রকল্প, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি), ২৯ আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭। টেলিফোন: +৮৮ ০২ ৫৫০০৬৯৮৮ ই-মেইল: isitc2.nilg@gmail.com